

# Vaccine hand over to Thailand under Quad Vaccine Partnership

April 21, 2022

কোয়ড ভ্যাকসিন ভাগিদারীর অধীনে থাইল্যান্ডের হাতে ভ্যাকসিন তুলে দেওয়া হল  
এপ্রিল 21. 2022

কোয়ডের ক্ল্যাগশিপ ভ্যাকসিন ভাগিদারীর অধীনে, যৌথভাবে ভারতের রাষ্ট্রদূত, হার এক্সেলেন্সি শ্রীমতি সুচিত্রা দুরাই, অস্ট্রেলিয়ার রাষ্ট্রদূত, হিজ এক্সেলেন্সি মিস্টার অ্যালান ম্যাককিনন, জাপানের রাষ্ট্রদূত, হিজ এক্সেলেন্সি নাশিদা কাজুয়া এবং মার্কিন যুক্তরাষ্ট্রের চার্জ ডি অ্যাফেয়ার্স, হিজ এক্সেলেন্সি মিস্টার জেমস ওয়েম্যানদ্বারা কোভিড ভ্যাকসিনের একটি চালান কিংডম অব থাইল্যান্ডে হস্তান্তর করা হয়েছে। 21 এপ্রিল 2022 তারিখে ব্যাংককে, মেড ইন ইন্ডিয়া, কোভোভ্যাক্স ভ্যাকসিনের 200,000 ডোজ সমন্বিত চালানটি, থাইল্যান্ডের উপ-প্রধানমন্ত্রী এবং জনস্বাস্থ্য মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার অনুতিন চার্নভিরাকুল-র হাতে তুলে দেওয়া হয়েছে। কোয়ড ভ্যাকসিন ভাগিদারীর অধীনে 12ই এপ্রিল 2022 -এ কস্বোডিয়াতে প্রারম্ভিক ভ্যাকসিন সরবরাহের পরে এটি ছিল ভারত দ্বারা প্রেরণ করা দ্বিতীয় ভ্যাকসিন চালান। 2021 -এর সেপ্টেম্বরে ওয়াশিংটন ডিসিতে কোয়ড নেতৃবৃন্দের শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, ইন্দো প্রশান্ত মহাসাগরীয় দেশগুলিতে কোভিড ভ্যাকসিনের 500,000 ডোজ দান করার প্রতিশ্রুতিকে পূরণ করার জন্য এটি প্রেরণ করা হয়েছে।

যাতে নিরাপদ, কার্যকরী এবং গুণমান-নিশ্চিত ভ্যাকসিনের সমান অভিজ্ঞতাকে নিশ্চিত করা যায়, তাই, কোয়ড লিডাররা 12 মার্চ 2021-এ তাদের প্রথম শীর্ষ সম্মেলনে কোয়ড এর সম্মিলিত শক্তিকে কাজে লাগানোর জন্য কোয়ড ভ্যাকসিন অংশীদারিত্ব ঘোষণা করেছিল।

কোয়ড দেশগুলি এ পর্যন্ত থাইল্যান্ডকে সাড়ে চার মিলিয়ন কোভিড-19 ভ্যাকসিন ডোজ সরবরাহ করেছে। কোয়ড দেশগুলিও শেষ মাইল ডেলিভারি সহায়তা এবং আর্থিক সহায়তা প্রদান করেছে যাতে ভ্যাকসিনগুলিকে টিকা প্রদানে পরিণত করা হয়। অস্ট্রেলিয়া থাইল্যান্ডকে তার জনসংখ্যার কাছে নিরাপদে এবং কার্যকরভাবে ভ্যাকসিন সরবরাহ করতে সহায়তা করেছে, যার মধ্যে রয়েছে ডেটা সিস্টেম শক্তিশালীকরণ এবং অভিবাসী জনসংখ্যার প্রতি দৃষ্টি নিবন্ধ রেখে যোগাযোগের কৌশল তৈরি করা। ভারত থাইল্যান্ডকে অক্সিজেন কনসেন্ট্রেটর এবং প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করে অতিমারীর বিরুদ্ধে লড়াই করার জন্য তার সক্ষমতা বৃদ্ধিতে সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। 'লাস্ট ওয়ান মাইল সাপোর্ট'-এর মাধ্যমে রোগের চিকিৎসার জন্য জাপান অক্সিজেন কনসেন্ট্রেটর এবং ভ্যাকসিন সংরক্ষণ ও পরিবহনের জন্য উন্নতমানের যন্ত্রপাতি সরবরাহ করেছে। মার্কিন যুক্তরাষ্ট্র নজরদারি এবং যোগাযোগের সন্ধান, রোগ সংক্রমকদের অনুসন্ধান করা, স্বাস্থ্যসেবা কর্মীদের প্রশিক্ষণ এবং ডেটা ব্যবস্থাপনায় সহায়তা প্রদান করেছে।

থাইল্যান্ড রাজতন্ত্রের সরকার কোয়ড থেকে প্রাপ্ত ভ্যাকসিনের জন্য এবং থাইল্যান্ডকে সম্মিলিত সহায়তার জন্য তার কৃতজ্ঞতা প্রকাশ করেছে। কোয়ড দেশগুলি থাইল্যান্ডকে অতিমারী মোকাবিলায় সম্ভাব্য সকল সহায়তা প্রসারিত করার ইচ্ছার বিষয়ে আশ্বস্ত করেছে।

নিউ দিল্লি

এপ্রিল 21, 2022

**DISCLAIMER:** This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.